

New Text Document

চট্টগ্রাম-বরিশালে জেএসসি, সারা দেশে জেডিসি পরীক্ষা স্থগিত

=====

দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে চট্টগ্রাম ও বরিশাল শিক্ষাবোর্ডে কাল রোববারের জেএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে। এ ছাড়া মাদরাসা বোর্ডের অধীনে কাল সারা দেশের জেডিসি পরীক্ষাও স্থগিত করা হয়েছে।

চট্টগ্রাম ও বরিশাল বোর্ডে রোববার ইংরেজি দ্বিতীয় পত্র পরীক্ষা হওয়ার কথা ছিল। এই পরীক্ষা আগামী ১২ নভেম্বর সকাল দশটায় অনুষ্ঠিত হবে। রোববার সারা দেশে জেডিসি পরীক্ষায় ইংরেজি প্রথম পত্র পরীক্ষা ছিল। এই পরীক্ষা ১৯ নভেম্বর সকাল দশটায় অনুষ্ঠিত হবে। চট্টগ্রাম শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ মাহবুব হাসান জানান, জেএসসির ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা রোববার হচ্ছে না। ১২ নভেম্বর এই পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বরিশাল শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শাহ মুহাম্মদ আলমগীর হোসেন জানান, ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষা স্থগিত করা হয়েছে। ১২ নভেম্বর সকাল দশটায় হবে এই পরীক্ষা। বরিশাল শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক জানান, দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে পরীক্ষা স্থগিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এদিকে মাদ্রাসা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে জানানো হয়েছে, দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ডের অধীন চলমান জেডিসির কাল রোববারের ইংরেজি প্রথম পত্রের পরীক্ষা স্থগিত করা হয়েছে। স্থগিত পরীক্ষা ১৯ নভেম্বর সকাল ১০টায় অনুষ্ঠিত হবে। উত্তর বঙ্গোপসাগরে সৃষ্টি হওয়া নিম্নচাপের প্রভাবে প্রায় সারা দেশে দুর্যোগপূর্ণ আবহাওয়া বিরাজ করছে। আবহাওয়া অধিদপ্তর সমুদ্রবন্দরগুলোতে ৪ নম্বর স্থানীয় হুঁশিয়ারি সংকেত জারি করেছে।